লেন্স এশিয়া

LENS ASIA

২৫ অক্টোবর, ২০২৫

# নাটোরে গোডাউনে ১৩ টন গুলির খোসা, তদন্তে পুলিশ ও সেনাবাহিনী



সংগৃহীত ছবি

নাটোরের বড়াইগ্রামে একটি গোডাউনে বিপুল পরিমাণ গুলির খোসা মজুদের খবরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

আজ শনিবার (২৫ অক্টোবর) বিকেলে উপজেলার আহমেদপুর বাজারে ‘বাবা-মায়ের দোয়া এন্টারপ্রাইজ’ নামের একটি গোডাউন থেকে প্রায় সাড়ে ১৩ টন গুলির খোসা উদ্ধার করা হয়। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা।

নাটোরের পুলিশ সুপার মোহাম্মদ তারিকুল ইসলাম জানান, স্থানীয়দের কাছ থেকে খবর পাওয়ার পর আইনশৃঙ্খলা বাহিনী ঘটনাস্থলে গিয়ে বিষয়টি যাচাই করে দেখে যে, ব্যবসায়ী সিহাব উদ্দিন বৈধভাবে এসব গুলির খোসা সংগ্রহ করেছেন।

ব্যবসায়ী সিহাব উদ্দিন জানান, রাজেন্দ্রপুর সেনানিবাস থেকে নিলামের মাধ্যমে ৪০ টাকা কেজি দরে প্রায় সাড়ে ১৩ টন গুলির খোসা ক্রয় করেন তিনি। এগুলো তিনি বৈধভাবে ব্যবসায়িক কাজে ব্যবহার করার জন্য মজুদ করে রেখেছিলেন।

LENS ASIA

ঘটনাটি প্রথমে এলাকায় আতঙ্ক ও কৌতূহল তৈরি করলেও পরে বিষয়টি পরিষ্কার হলে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসে।